

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৭০৫

১৭/ হক ও অধিকার

পরিচ্ছেদঃ নবী (ﷺ) এর অধিকার, তাঁর প্রতি দর্মদ ও সালাম পেশ করার আদেশ, তার মাহাত্ম্য ও শব্দাবলী

আরবী

وَعَنْ أَبِي مُحَمَّدٍ كَعْبِ بِن عُجْرَةَ قَالَ: خَرَجَ عَلَيْنَا النَّبِيُّ عَلَيْ فَقُلْنَا: يَا رَسُولَ اللهِ قَدْ عَلِمْنَا كَيْفَ نُسَلِّمُ عَلَيْكَ، فَكَيْفَ نُصَلِّي عَلَيْكَ؟ قَالَقُولُوا: اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ وعَلَى الرِّمُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ عَلَى مُحَمَّدٍ وعَلَى الرِمُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ عَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ اللَّهُمَّ بَارِكْ عَلَى مُحَمَّدٍ وعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا بَارَكْتَ عَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجْيدٌ متفقٌ عَلَيْهِ

বাংলা

(১৭০৫) আবৃ মুহাম্মাদ কা'ব ইবনে উজরাহ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (একদা) আমাদের নিকট এলেন। আমরা বললাম, 'হে আল্লাহর রসূল! আপনার প্রতি কিভাবে সালাম পেশ করতে হয় তা জেনেছি, কিন্তু আপনার প্রতি দর্মদ কিভাবে পাঠাব?' তিনি বললেন, ''তোমরা বলোঃ

'আল্লা-হুমা স্বাল্লি আলা মুহামাদিউ অআলা আ-লি মুহামাদ, কামা স্বাল্লাইতা আলা আ-লি ইবরা-হীম। ইরাকা হামীদুম মাজীদ। আল্লা-হুমা বা-রিক আলা মুহামাদিউ অআলা আ-লি মুহামাদ, কামা বা-রাকতা আলা আ-লি ইবরা-হীম। ইরাকা হামীদুম মাজীদ।'

যার অর্থ, হে আল্লাহ! তুমি মুহাম্মাদ তথা মুহাম্মাদের পরিবারবর্গের উপর রহমত বর্ষণ কর; যেমন রহমত বর্ষণ করেছিলে ইব্রাহীমের পরিবারবর্গের উপর। নিশ্চয় তুমি প্রশংসিত ও অতি সম্মানার্হ। হে আল্লাহ! তুমি মুহাম্মাদ ও তাঁর পরিজনবর্গের প্রতি বরকত নাযেল কর; যেমন বরকত নাযেল করেছ ইব্রাহীমের পরিজনবর্গের প্রতি। নিশ্চয় তুমি প্রশংসিত ও মহা সম্মানীয়।

ফুটনোট

(বুখারী ৩৩৭০, ৬৩৫৭, মুসলিম ৯৩৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ কা'ব ইবনু 'উজরাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন